

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৩৯১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৬০]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ নামাযের জন্য মসজিদে বসে অপেক্ষাকারী এবং মসজিদের ফজীলত

باب مَنْ جَلَسَ فِي الْمَسْجِدِ يَنْتَظِرُ الصَّالاَةَ، وَفَضنْلِ الْمَسَاجِدِ

আরবী

الله عَنْ أَبِي هُرَيْرَةَ ، عَنِ النَّبِيِّ قَالَ سَبْعَةٌ يُظِلُّهُمُ اللَّهُ فِي ظِلِّهِ يَوْمَ لا ظِلَّ إِلا ظِلُّهُ: الإِمَامُ الْعَادِلُ، وَشَابُّ نَشَأَ فِي عِبَادَةِ رَبِّهِ، وَرَجُلُ قَلْبُهُ مُعَلَّقٌ فِي الْمَسَاجِدِ، وَرَجُلانِ تَحَابًا فِي اللَّهِ اجْتَمَعَا عَلَيْهِ وَتَفَرَّقَا عَلَيْهِ، وَرَجُلُ طَلَبَتْهُ امْرَأَةٌ ذَاتُ مَنْصِبٍ وَجَمَالٍ، فَقَالَ: إِنِّي أَخَافُ اللَّهَ، وَرَجُلُ تَصنَدَّقَ، أَخْفَى حَتَّى لا تَعْلَمَ شِمَالُهُ مَا تُنْفِقُ يَمِينُهُ، وَرَجُلُ ذَكَرَ اللَّهَ خَالِيًا، فَفَاضَتْ عَيْنَاهُ (بخارى: اللَّهَ فَكَرَ اللَّهَ خَالِيًا، فَفَاضَتْ عَيْنَاهُ (بخارى: اللَّهَ

বাংলা

৩৯১) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ যে দিন আল্লাহর ছায়া ব্যতীত অন্য কোন ছায়া থাকবেন। সে দিন সাত ব্যক্তিকে আল্লাহ তাঁর (আরশের নীচে) ছায়া দান করবেন। তারা হলেনঃ (১) ন্যায় পরায়ণ শাসক (২) যে যুবক তাঁর প্রভুর এবাদতের মাঝে প্রতিপালিত হয়ে বড় হয়েছে। (৩) যে ব্যক্তির মন সর্বদা মসজিদের সাথে সম্পৃক্ত থাকে। (৪) এমন দু'ব্যক্তি, যারা আল্লাহর সম্ভৃষ্টির জন্যে একে অপরকে ভালবাসে। আল্লাহর জন্য তারা পরস্পর একত্রিত হয় এবং আল্লাহর জন্য পরস্পর বিচ্ছিন্ন হয়। (৫) এমন পুরুষ যাকে কোন সুন্দরী ও সম্ভ্রান্ত বংশের মহিলা নিজের দিকে আহবান করে, আর সে পুরুষ বলেঃ আমি আল্লাহকে ভয় করি। (তাই তোমার ডাকে সাড়া দেয়া আমার পক্ষে সম্ভব নয়)। (৬) যে দানশীল ব্যক্তি এত গোপনে দান করে যে, তার ডান হাত দিয়ে যা দান করে, বাম হাত তা অবগত হতে পারেনা। অর্থাৎ তিনি কেবল আল্লাহর সম্ভৃষ্টি অর্জনের জন্যেই দান করেন। তাই মানুষকে শুনানো বা দেখানোর প্রয়োজনীয়তা অনুভব করেনা। (৭) যে ব্যক্তি নির্জনে বসে আল্লাহকে স্মরণ করে চোখের পানি প্রবাহিত করে।

English

(The reward of a person) who waits for As-Salat (the prayer) in the mosque and the superiority of mosques

Narrated Abu Huraira:



The Prophet (ﷺ) said, "Allah will give shade, to seven, on the Day when there will be no shade but His. (These seven persons are) a just ruler, a youth who has been brought up in the worship of Allah (i.e. worships Allah sincerely from childhood), a man whose heart is attached to the mosques (i.e. to pray the compulsory prayers in the mosque in congregation), two persons who love each other only for Allah's sake and they meet and part in Allah's cause only, a man who refuses the call of a charming woman of noble birth for illicit intercourse with her and says: I am afraid of Allah, a man who gives charitable gifts so secretly that his left hand does not know what his right hand has given (i.e. nobody knows how much he has given in charity), and a person who remembers Allah in seclusion and his eyes are then flooded with tears."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন